



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



স্মারক নং- ০৫৯/২০২১

তাং- ১০/০৭/২০২১খ্রিঃ

### প্রেস রিলিজ

বিধি বহির্ভূতভাবে ঔষুধ তৈরী করায় রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক একটি ঔষুধ কারখানায় অভিযান পরিচালনা ও ভ্রাম্যমান আদালতের মাধ্যমে জরিমানা প্রদান



অদ্য ১০-০৭-২০২১ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় ও সার্বিক তত্ত্বাবধানে, সিনিয়র সহকারী পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ ফারুক আহমেদ এর অপারেশন পরিকল্পনা ও নেতৃত্বে পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ ছালেহ্ আহাম্মদ পাঠান, এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম, সঙ্গীয় অফিসার ফোর্সসহ রংপুর কোতয়ালী থানাধীন রংপুর রবার্টসনগঞ্জ তাঁতীপাড়া ব্রিজ সংলগ্ন এ্যালকাড ল্যাবরেটরীতে অভিযান পরিচালনা করা হয়।

অভিযান কালে উক্ত প্রতিষ্ঠানের কাগজপত্র যাচাই বাছাই করে দেখা যায় যে-

- উক্ত প্রতিষ্ঠানের পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নাই। আবাসিক এলাকায় অবস্থিত।
- ফায়ার সার্ভিস এর লাইসেন্স এর মেয়াদ ৩০/০৬/২০২১ এ শেষ হয়েছে।
- উক্ত প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য 'জাইম ভেট' এর অনুমোদন ০৮/০৮/২০১৯ এ শেষ হয়, এরপরেও অক্টোবর ২০২০ সালে অবৈধভাবে পণ্যটি উৎপাদন করেন।
- বিপুল পরিমাণ ঔষুধ পস্তুতের ক্যামিকেল, তৈরি ঔষুধ ও বিভিন্ন সরঞ্জামাদিসহ সর্বমোট ১৮ লক্ষ টাকার মালামাল জব্দ করা হয়।

পরবর্তীতে উল্লিখিত অপরাধের দায়ে রংপুর জেলা প্রশাসকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ রায়হানুল ইসলাম ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ঔষুধ আইন ১৯৪০ এর ২৭ ধারা মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের মালিক আবু সাইফকে ২০ হাজার টাকা জরিমানা এবং অনাদায়ে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড আদেশ দেন এবং ভুলত্রুটি সংশোধনের আদেশ দেন।

ভেজাল, নিম্নমানের ও অননুমোদিত ঔষুধ নির্মূলে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি'র) অভিযান অব্যাহত থাকবে।

১০.০৭.২০২১  
(মোঃ ফারুক আহমেদ)  
সহকারী পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৭২